তারিখ ... 16 JUN 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6

24

### ছাত্র নেতাদের সঙ্গে ভিসি'র বৈঠক

# ঈদের ছুটিতে ঢাকা ভার্সিটি ছাত্র-ছাত্রীদের হল ছাড়তে হবে

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঈদ-উল-আযহার ছুটিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলি সম্পূর্ণভাবে খালি করে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার পরিবেশ পরিষদের সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২১শে জুন ঈদের ছুটি শুরু হওয়ার পর সকল ছাত্রছাত্রীকে হল ত্যাগ করে চলে যেতে হবে। ১লা আগস্ট বিশ্ববিদ্যালয় খুললে ছাত্রছাত্রীদের পরিচয়-পত্র দেখিয়ে হলে প্রবেশ করতে দেয়া হবে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত গতকালের সভায় সবকটি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ঈদের ছুটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

সভায় ছাত্র সংগঠনগুলি সন্ত্রাসকে নির্মূল করা প্রয়োজন এ বিষয়ে একমত হয় এবং এ বিষয়ে যে কোন প্রশাসনিক পদক্ষেপকে স্বাগত জানানোর প্রতিশ্রুতি দেয়।

**গতকালের ক্যাম্পাস**

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছিল থমথমে। বৃহস্পতিবার রাতে দু'টি ছাত্র সংগঠনের মধ্যে রক্তাক্ত সংঘর্ষের পর গত দু'দিনে নতুন কোন সংঘর্ষ না ঘটলেও হলগুলিতে এখনো উত্তেজনা বিরাজ করছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আহ্বানে সাড়া দিয়ে ছাত্র সংগঠনগুলি গতকাল ক্যাম্পাসে কোন মিছিল সমাবেশ করেনি। ক্যাম্পাসে গুরুত্বপূর্ণ স্থানগুলিতে যথারীতি পুলিশ ও বিডিআর এর কড়া প্রহরা ছিল।

এদিকে আবাসিক হলগুলিতে বহিরাগত অস্ত্রধারীদের আনাগোনা আরও বেড়েছে। সূর্যসেন হল, মুহসীন হল, জগন্নাথ হল, জহুরুল হক হল ও সলিমুল্লাহ হলে অস্ত্রধারীরা রাত জেগে পাহারা দেয়। রাত নয়টা দশটার পরেই এসব হলের গেট বন্ধ করে দেয়া হয় এবং আলো নিভিয়ে এক আতংকজনক পরিস্থিতির সৃষ্টি করা হয়।